

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)-৯৪২

২৭ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ

১১ নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: বেসরকারি শিক্ষক নিয়োগ।

সরকার এস.আর.ও. নং- ৩০৯-আইন/২০১৫, তারিখ : ২১ অক্টোবর, ২০১৫ এর মাধ্যমে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫ (২০০৫ সনের ১নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ এর অধিকতর সংশোধন করেছে। এ প্রেক্ষিতে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগ কার্যক্রমে কিছু পদ্ধতিগত পরিবর্তন প্রয়োজন হবে। পরিবর্তিত পদ্ধতি বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে শীত্রই একটি পরিপত্র জারি করা হবে। বর্ণিত পরিপত্র জারির পূর্ব পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ে বেসরকারি শিক্ষক নিয়োগে যাতে সংশোধিত বিধির ব্যত্যয় না ঘটে সে জন্য সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

১. পরবর্তী নির্দেশনা জারি না হওয়া পর্যন্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের সকল শূণ্যপদে নিয়োগ কার্যক্রম বন্ধ থাকবে।
২. এ নির্দেশনাটি বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ এর অধিকতর সংশোধনীর গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ অর্থাৎ ২২ অক্টোবর ২০১৫ তারিখ হতে কার্যকর হবে।
৩. কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যদি ২২ অক্টোবর ২০১৫ তারিখ বা তৎপরবর্তী সময়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে কোন পদে নিয়োগ প্রদান করে তাহলে তা অবৈধ নিয়োগ বলে বিবেচিত হবে।
৪. তবে, ২২ অক্টোবর ২০১৫ তারিখের পূর্বে গৃহীত নিয়োগ কার্যক্রম পূর্বনিয়মে যথায়ীতি সম্পন্ন করা যেতে পারে।

স্বাক্ষরিত/
(চৌধুরী মুফাদ আহমদ)
অতিরিক্ত সচিব

চলমান পাতা-২

(পাতা নং-২)

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)-৯৪২

২৭ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ

১১ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (বিতরণ জ্যৈষ্ঠতার ত্রুমানুসারে নথি):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়/উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্র: ও অর্থ/ উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার(সকল)।
- ৬। যুগ্ম-সচিব (অডিট ও আইন/মাধ্যমিক/কলেজ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/অঞ্চলী ব্যাংক/জনতা ব্যাংক/রূপালী ব্যাংক, (সকল অঞ্চল) (সংশ্লিষ্ট ব্যাংকের সকল আঞ্চলিক কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড.....সকল/চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। জেলা প্রশাসক.....(সকল)।
- ১০। উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি /মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
- ১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৩০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১৬। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১৮। আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল অঞ্চল।


(মোঃ মুহুরুর রহামান)
উপসচিব